# ঢাকা বিশ্ববিদ্যালয়

# বিজ্ঞান ইউনিট

**২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে খেলোয়াড় কোটা**

## খেলোয়াড় কোটার ভর্তির নির্দেশিকা

| | |
|---|---|
| ভর্তি পরীক্ষা | **২৮ ফেব্রুয়ারি ২০২৫, শুক্রবার** |
| আবেদনের সময়সীমা | **০১ ডিসেম্বর ২০২৪ থেকে ১০ ডিসেম্বর ২০২৪** |
| পরীক্ষার সময় | **অপরাহ্ন ৩:০০ থেকে ৪:৩০ মিনিট পর্যন্ত** |
| পরীক্ষার ব্যাপ্তি | **০১ ঘন্টা ৩০ মিনিট** |
| পরীক্ষার প্রবেশপত্র সংগ্রহ | |
| পরীক্ষাকেন্দ্রে প্রবেশের সর্বশেষ সময় | **২:৩০ মিনিট** |

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের 'আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে' ভর্তির জন্য আবেদনপত্র জমাদান, পে-স্লিপ সংগ্রহ, ফিস জমাদানের রসিদ, প্রবেশপত্র সংগ্রহ ইত্যাদিসহ ভর্তির যাবতীয় প্রাথমিক কাজ অনলাইনে সম্পন্ন হবে।

মাধ্যমিক বা সমমান এবং উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ১০ ডিসেম্বর ২০২৪ তারিখে অনুর্ধ্ব ২৩ বছর বয়সী ছাত্র-ছাত্রীদের মধ্যে যারা ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ইউনিটে ভর্তির জন্য খেলোয়াড় কোটার নির্ধারিত শর্ত পূরণ করে কেবল তারাই ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে জাতীয় পর্যায়ের খেলোয়াড় কোটায় ভর্তির জন্য আবেদন করতে পারবে।

ভর্তি প্রার্থীরা ০১/১২/২০২৪ তারিখ দুপুর ১২:০০ টা থেকে ১০/১২/২০২৪ তারিখ রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত Dhaka University Admission Website (https://admission.eis.du.ac.bd)- এর মাধ্যমে অনলাইনে আবেদন করতে পারবে। আবেদন ফি ১০৫০/- (এক হাজার পঞ্চাশ) টাকা। চারটি রাষ্ট্রায়ত্ব বাণিজ্যিক ব্যাংকের (সোনালী, জনতা, অগ্রণী, রূপালী) যেকোনো শাখায় অথবা অনলাইনে ডেবিট/ক্রেডিট কার্ড, মোবাইল ফিনান্সিয়াল সেবা ব্যবহার করে শিক্ষার্থীরা আবেদন ফি জমা দিবে।

**১। ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে জাতীয় পর্যায়ের খেলোয়াড় কোটার ভর্তির যোগ্যতা ও শর্ত নিম্নরূপ :**

(ক) বিজ্ঞান/কৃষিবিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক অথবা মাদ্রাসা বোর্ডের বিজ্ঞান শাখায় আলিম অথবা বিজ্ঞান শাখায় IGCSE/O Level এবং IAL/GCE A Level অথবা সমমানের এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক অথবা সমমানের গ্রেডভিত্তিক পরীক্ষার প্রতিটিতে পৃথকভাবে ৪র্থ বিষয়সহ ন্যূনতম **৩.৫** জিপিএসহ প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম **৮.০** হতে হবে।

(খ) অনধিক ৩ (তিন) বছরের মধ্যে জাতীয় দল/ জাতীয় "এ" দল/বয়সভিত্তিক (অনুর্ধ্ব ২৩/২০/১৯/১৭/১৬) দলের সদস্য হয়ে জাতীয়/আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণের অভিজ্ঞতা থাকতে হবে।

(গ) ব্যক্তিগত ক্রীড়াসমূহের (বাংলাদেশ অলিম্পিক এসোসিয়েশনভুক্ত প্রতিষ্ঠান ও বাংলাদেশ অলিম্পিক ক্রীড়া ফেডারেশনভুক্ত খেলা) খেলোয়াড়দের জাতীয় র‍্যাংকিং অনুযায়ী ১-৫ এর মধ্যে থাকতে হবে।

(ঘ) খ অথবা গ নং শর্ত পূরণ করে এরূপ সকল খেলোয়াড় প্রার্থীর বয়স ১০ ডিসেম্বর ২০২৪ তারিখে অনুর্ধ্ব ২৩ বছর হতে হবে এবং বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিজ্ঞান ইউনিটের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে। ২০২৪-২০২৫

শিক্ষাবর্ষ হতে খেলোয়াড় কোটায় ভর্তির জন্য লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। সংশ্লিষ্ট ইউনিট প্রধানগণ লিখিত পরীক্ষা গ্রহণ করবেন।

* আবেদনপত্র সংশোধনের (বিশেষ ক্ষেত্রে) সময়সীমা ১২/১২/২০২৪ তারিখ।

২। ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে **বিজ্ঞান ইউনিটের আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তির জন্য বিজ্ঞান শাখার উচ্চ মাধ্যমিক ও সমমানের শিক্ষার্থীগণ ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের বিভাগ, ইনস্টিটিউটসমূহে ভর্তি হতে পারবে।**

৩। **ভর্তি পরীক্ষা ও ভর্তিচ্ছুদের করণীয়**

- পরীক্ষা এমসিকিউ (MCQ) এবং লিখিত (বর্ণনামূলক) প্রশ্নে অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষার মোট নম্বর হবে **১০০;** তন্মধ্যে **৮০** নম্বরের এমসিকিউ (MCQ) এবং **২০** নম্বরের লিখিত (বর্ণনামূলক) প্রশ্ন থাকবে। MCQ পরীক্ষা **৬০** মিনিট এবং লিখিত (বর্ণনামূলক প্রশ্ন) পরীক্ষা **৩০** মিনিটের হবে। ভর্তি পরীক্ষায় কোনো প্রকার ক্যালকুলেটর বা তদ্রূপ ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার করা যাবে না।
- ভর্তি পরীক্ষায় MCQ এবং লিখিত (বর্ণনামূলক প্রশ্ন) পরীক্ষা **২০২৪** সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অনুসৃত পাঠ্যসূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে।

ক) **পরীক্ষার্থীদেরকে নিম্নলিখিত নীতিমালা অনুসরণ করতে হবে:**

i) প্রত্যেক পরীক্ষার্থীকে বাংলা, ইংরেজী এবং Aptitude Test এই ৩টি বিষয়ের প্রশ্নের উত্তর দিতে হবে।

খ) **ভর্তি পরীক্ষার মান ও সময় বন্টন:**

i) বাংলাতে ৩০, ইংরাজীতে ৩০ এবং Aptitude Test এ ৪০ নম্বর বরাদ্দ থাকবে। তন্মধ্যে এমসিকিউ (MCQ) অংশের জন্য বাংলাতে ২৪, ইংরাজীতে ২৪ এবং Aptitude Test এ ৩২ নম্বর এবং লিখিত (বর্ণনামূলক প্রশ্ন) অংশের জন্য বাংলাতে ৬, ইংরেজীতে ৬ এবং Aptitude Test এ ৮ নম্বর থাকবে।

ii) এমসিকিউ (MCQ) **পরীক্ষা:** MCQ অংশের মোট নম্বর **৮০** এবং সময় **৬০** মিনিট এবং প্রতিটি প্রশ্নের মান **১**।

iii) **লিখিত (বর্ণনামূলক প্রশ্ন) পরীক্ষা: এই** অংশের মোট নম্বর **২০** এবং সময় **৩০** মিনিট। প্রতিটি প্রশ্নের মান **২** থেকে **৫** এর মধ্যে সীমাবদ্ধ থাকবে।

iv) MCQ পরীক্ষায় প্রতিটি ভুল উত্তরের জন্য **০.২৫** নম্বর কাটা হবে এবং তা বিষয়ভিত্তিক সমন্বয় করা হবে।

৪। ভর্তি পরীক্ষার MCQ অংশের পাস নম্বর **৩২**। উল্লেখ্য, MCQ পরীক্ষায় **৩২** নম্বর পেলেই কেবল লিখিত পরীক্ষার (বর্ণনামূলক প্রশ্ন) উত্তরপত্র মূল্যায়নের জন্য বিবেচিত হবে। লিখিত (বর্ণনামূলক প্রশ্ন) অংশের পরীক্ষায় পাস নম্বর ৮। যারা **৪০** এর কম নম্বর পাবে তাদেরকে ভর্তির জন্য বিবেচনা করা হবে না।

৫। প্রার্থীকে প্রয়োজনীয় MCQ এবং লিখিত (বর্ণনামূলক প্রশ্ন) অংশের উত্তরপত্রের ঘর পূরণ করার জন্য কালো কালির বলপেন ব্যবহার করতে হবে। প্রত্যেক প্রার্থীকে কেবল **একটি** MCQ এবং **একটি** লিখিত (বর্ণনামূলক) পরীক্ষার উত্তরপত্র সরবরাহ করা হবে। উত্তরপত্র পূরণ করার সময় প্রার্থীকে সতর্কতা অবলম্বন করতে বলা হচ্ছে এবং পূরণ করতে গিয়ে যেকোনো ভুল-ভ্রান্তির দায়-দায়িত্ব প্রার্থীকেই বহন করতে হবে।

৬। উত্তরপত্রসমূহে **Roll No.** ও **Serial No.** না লিখলে বা ভুল লিখলে বা ঘষামাজা করলে উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।

৭। ভর্তি পরীক্ষায় কোনো প্রকার **ক্যালকুলেটর** ব্যবহার করা যাবে না। পরীক্ষার হলে প্রার্থীর সঙ্গে ক্যালকুলেটর, মোবাইল ফোন, ব্লু-টুথ বা টেলিযোগাযোগ করা যায় এরূপ যেকোনো প্রকার ডিভাইস রাখা সম্পূর্ণভাবে নিষিদ্ধ। পরীক্ষার হলে কোনো প্রার্থীর কাছে এরূপ কোনো ডিভাইস পাওয়া গেলে, সে ঐ ডিভাইস ব্যবহার করুক বা না করুক তাকে বহিষ্কার করা হবে।

৮। ভর্তি পরীক্ষার ৪৮ ঘন্টা পূর্ব থেকে বিস্তারিত আসনবিন্যাস ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তির ওয়েবসাইটে (https://admission.eis.du.ac.bd) দেখা যাবে । এছাড়াও আবেদনকারী প্রবেশপত্রের নির্দেশনা অনুযায়ী এসএমএস-এর মাধ্যমে নিজ নিজ আসনবিন্যাস জানতে পারবে।

৯। পরীক্ষার দিন পরীক্ষা শুরুর নির্ধারিত সময়ের **৩০** মিনিট পূর্বেই পরীক্ষা কেন্দ্রের নির্দিষ্ট আসনে আসন গ্রহণ করতে হবে।

১০। কোনো প্রার্থী অন্যের ছবি/নম্বরপত্র ব্যবহার করলে অথবা অন্য যেকোনো অসদুপায় অবলম্বন করলে তার পরীক্ষা বাতিল এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। পরীক্ষায় অসদুপায় অবলম্বনের কোনো রিপোর্ট থাকলে প্রার্থীর ভর্তি পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।

১২। পরীক্ষার্থীদের স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

## মেধাস্কোর ও মেধাক্রম

১৩। ক) মোট **১২০** নম্বরের ভিত্তিতে প্রার্থীদের অর্জিত মেধাস্কোরের ক্রমানুসারে মেধা তালিকা তৈরি করা হবে। এজন্য মাধ্যমিক/O-Level অথবা সমমানের পরীক্ষায় প্রাপ্ত/হিসাবকৃত জিপিএকে ২ দিয়ে গুণ এবং উচ্চ মাধ্যমিক/A-Level অথবা সমমানের পরীক্ষায় প্রাপ্ত/হিসাবকৃত জিপিএকে ২ দিয়ে গুণ করে, এই দুইয়ের যোগফল ভর্তি পরীক্ষায় **১০০**-তে প্রাপ্ত নম্বরের সাথে যোগ দিয়ে **১২০** নম্বরের মধ্যে মেধাস্কোর নির্ণয় করে তার ক্রমানুসারে মেধা তালিকা তৈরি করা হবে।

খ) মেধাস্কোর সমান হলে নিম্নলিখিত ক্রমানুসারে মেধাক্রম তৈরি করা হবে:

(i) ভর্তি পরীক্ষায় প্রাপ্ত স্কোর;

(ii) HSC/ সমমানের পরীক্ষায় প্রাপ্ত GPA

(iii) SSC/ সমমানের পরীক্ষায় প্রাপ্ত GPA

১৪। মেধাস্কোরের ভিত্তিতে নির্ণীত মেধাক্রম অনুযায়ী উত্তীর্ণ প্রার্থীদের মেধা তালিকা ও ফলাফল ভর্তি পরীক্ষার পর ৪ (চার) সপ্তাহের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তির ওয়েবসাইটে (https://admission.eis.du.ac.bd) প্রকাশ করা হবে। এছাড়া, প্রার্থী এসএমএস-এর মাধ্যমে ফলাফল জানতে পারবে।

১৫। মেধা তালিকা প্রকাশের তারিখ থেকে পাঁচ কার্যদিবসের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়, কার্জন হল এলাকায় অবস্থিত অগ্রণী ব্যাংকের শাখায় ১০০০/- টাকা নিরীক্ষা ফি জমা দিয়ে জমার রশিদসহ বিজ্ঞান ইউনিট প্রধান (**ডিন, বিজ্ঞান অনুষদ**) বরাবর আবেদন করে প্রার্থীর উত্তরপত্র নিরীক্ষা করানো যাবে। নিরীক্ষার ফলে প্রার্থীর অর্জিত নম্বরের পরিবর্তন হলে নিরীক্ষা ফি ফেরৎ দেওয়া হবে এবং মেধা তালিকায় প্রয়োজনীয় সংশোধন করে নেওয়া হবে।

১৬। বিভিন্ন বিভাগ/ইনস্টিটিউটের ভর্তির ন্যূনতম যোগ্যতা:

জাতীয় পর্যায়ের খেলোয়াড় বিজ্ঞান ইউনিটের মাধ্যমে নিম্নলিখিত যোগ্যতা অনুযায়ী বিজ্ঞান শাখার সংশ্লিষ্ট বিজ্ঞান, জীববিজ্ঞান, ফার্মেসী, আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস, ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদের বিভাগসমূহ এবং সংশ্লিষ্ট ইনস্টিটিউসমূহে ভর্তি হতে পারবে। কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিটিভুক্ত ও ব্যবসায় শিক্ষা ইউনিটভুক্ত বিভাগ ও ইনস্টিটিউসমূহে ভর্তির যোগ্যতা সংশ্লিষ্ট ইউনিটের নির্দেশিকাতে পাওয়া যাবে।

উল্লেখ্য, প্রশিক্ষণ ক্যাম্প, জাতীয় ও আন্তর্জাতিক খেলার সূচী, বিশ্রামসহ অন্যান্য সূচী সর্বোপরি বিশ্ববিদ্যালয়ে তাত্ত্বিক ও ব্যবহারিক ক্লাশে অংশগ্রহণে বিঘ্ন হওয়ার সম্ভাবনা ইত্যাদি বিবেচনায় জাতীয় পর্যায়ের খেলোয়াড় একটি বিভাগে ভর্তির ন্যূনতম শর্ত পূরণ করলেও বিষয় বরাদ্দ লাভ না-ও করতে পারে। বিষয় বরাদ্দ কমিটি সার্বিক অবস্থা বিবেচনায় নিয়ে একজন খলোয়াড়কে বিষয় বরাদ্দ করবে।

| অনুষদ/ইনস্টিটিউট | ভর্তির বিভাগ/বিষয় | উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় প্রাপ্ত সর্বনিম্ন গ্রেড |
|---|---|---|
| বিজ্ঞান অনুষদ | পদার্থবিজ্ঞান | পদার্থবিজ্ঞান A এবং গণিত A |
| | গণিত | গণিত A (বিজ্ঞান শাখা) |
| | | গণিত A (মানবিক/সাধারণ শাখা) |
| | রসায়ন | রসায়ন A, গণিত A এবং পদার্থবিজ্ঞান A |
| | পরিসংখ্যান | গণিত A (বিজ্ঞান শাখা) |
| | | গণিত A (মানবিক/সাধারণ শাখা) |
| | ফলিত গণিত | গণিত A |
| জীববিজ্ঞান অনুষদ | মৃত্তিকা, পানি ও পরিবেশ | রসায়ন B এবং (গণিত B অথবা জীববিজ্ঞান B) |
| | উদ্ভিদবিজ্ঞান | জীববিজ্ঞান B |
| | প্রাণিবিদ্যা | জীববিজ্ঞান B, রসায়ন B |
| | প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান | রসায়ন A, গণিত A- এবং জীববিজ্ঞান A- |
| | মনোবিজ্ঞান | বিজ্ঞান শাখা:<br>ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক ভর্তি পরীক্ষার নির্ধারিত গ্রেড |
| | অণুজীব বিজ্ঞান | জীববিজ্ঞান A, রসায়ন A এবং গণিত B |
| | মৎস্যবিজ্ঞান | গণিত B এবং জীববিজ্ঞান A- |
| | জিন প্রকৌশল ও জীবপ্রযুক্তি | রসায়ন B, জীববিজ্ঞান B এবং গণিত B |
| ফার্মেসী অনুষদ | ফার্মেসী | রসায়ন A, গণিত B এবং<br>জীববিজ্ঞান A- |
| আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদ | ভূগোল ও পরিবেশ | বিজ্ঞান শাখা: ভূগোল A/ পদার্থবিজ্ঞান/রসায়ন/<br>গণিত/জীববিজ্ঞান B |
| | | মানবিক/সাধারণ ও ব্যবসায় শিক্ষা শাখা:<br>ভূগোল/বাণিজ্যিক ভূগোল B, বাংলা B, ইংরেজি B এবং<br>আইসিটি B |
| | ভূতত্ত্ব | পদার্থবিজ্ঞান B, গণিত B, রসায়ন B এবং জীববিজ্ঞান B |
| | সমুদ্রবিজ্ঞান | গণিত B এবং পদার্থবিজ্ঞান/ জীববিজ্ঞান/ রসায়ন B |
| | ডিজাস্টার সায়েন্স এন্ড ক্লাইমেট রেজিলিয়েন্স | পদার্থবিজ্ঞান B, রসায়ন B, গণিত B / জীববিজ্ঞান B |
| | আবহাওয়াবিজ্ঞান | পদার্থবিজ্ঞান A, গণিত A এবং রসায়ন A |
| ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ | ইলেট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং | পদার্থবিজ্ঞান A এবং গণিত A |
| | ফলিত রসায়ন ও কেমিকৌশল | রসায়ন A, পদার্থবিজ্ঞান A এবং গণিত A |
| | কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং | পদার্থবিজ্ঞান A এবং গণিত A |
| | নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং | পদার্থবিজ্ঞান A এবং গণিত A |
| | রোবটিক্স এন্ড মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং | পদার্থবিজ্ঞান A, গণিত A |
| পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইনস্টিটিউট | এপ্লাইড স্ট্যাটিসটিকস এন্ড ডাটা সায়েন্স | গণিত A |

| অনুষদ/ইনস্টিটিউট | ভর্তির বিভাগ/বিষয় | উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় প্রাপ্ত সর্বনিম্ন গ্রেড |
|---|---|---|
| পুষ্টি ও খাদ্য বিজ্ঞান ইনস্টিটিউট | পুষ্টি ও খাদ্য বিজ্ঞান | রসায়ন B এবং জীববিজ্ঞান B |
| তথ্য প্রযুক্তি ইনস্টিটিউট | সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং | গণিত A এবং পদার্থবিজ্ঞান A |
| ইনস্টিটিউট অব লেদার ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি | লেদার ইঞ্জিনিয়ারিং | রসায়ন A এবং গণিত B এবং পদার্থবিজ্ঞান B |
| | ফুটওয়্যার ইঞ্জিনিয়ারিং | রসায়ন A এবং গণিত B এবং পদার্থবিজ্ঞান B |
| | লেদার প্রোডাক্টস ইঞ্জিনিয়ারিং | রসায়ন A, গণিত B এবং পদার্থবিজ্ঞান B |
| শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট | ভৌত বিজ্ঞান | পদার্থবিজ্ঞান A-, রসায়ন A- এবং গণিত A- |
| | জীববিজ্ঞান | রসায়ন A- এবং জীববিজ্ঞান A- |

১৭। মেধা তালিকা প্রকাশের পর নির্দিষ্ট তারিখের মধ্যে অনলাইনে বিভাগ পছন্দকরণ ফরম (Subject Choice) পূরণ করতে হবে। পরবর্তীতে বিভাগ পছন্দক্রম এবং ভর্তি পরীক্ষার মেধাক্রম ও ভর্তির যোগ্যতা অনুসারে বিভাগ বন্টনের তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে (https://admission.eis.du.ac.bd) প্রকাশ করা হবে। এ ছাড়া ভর্তিচ্ছু প্রার্থীকে অনলাইনে প্রকাশিত বিজ্ঞপ্তিতে উল্লেখিত নির্ধারিত তারিখে মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিকের মূল নম্বরপত্রসহ **বিজ্ঞান অনুষদের** অফিসে উপস্থিত হতে হবে। চূড়ান্তভাবে ভর্তির জন্য মনোনীত প্রার্থীর মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিকের মূল নম্বরপত্র জমা রাখা হবে।

১৮। ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদেরকে ভর্তি ফরমের সঙ্গে অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রসহ সর্বশেষ যে শিক্ষা প্রতিষ্ঠান থেকে উত্তীর্ণ হয়েছে, সেই শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্র এবং অভিভাবকের বাৎসরিক আয়ের সনদপত্র সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউট-এ জমা দিতে হবে।

১৯। ভর্তি প্রক্রিয়ার যেকোনো পর্যায়ে, এমন কি ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার পরও ভর্তির জন্য প্রদত্ত তথ্যাদিতে যদি কোনো ভুল ধরা পড়ে বা অসদুপায় অবলম্বনের প্রমাণ পাওয়া যায় অথবা যদি দেখা যায় যে, প্রার্থীর ভর্তির জন্য ন্যূনতম যোগ্যতা নেই, তাহলে প্রার্থীর ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি, ভর্তি-পরীক্ষা, বিভাগ মনোনয়ন এবং ভর্তি বাতিল করা হবে।

২০। ভর্তি সংক্রান্ত নিয়ম-নীতির যেকোনো ধারা ও উপধারা পরিবর্তন, পরিবর্ধন, পরিমার্জন, সংশোধন, সংযোজন, বিয়োজন ও পুনঃসংযোজনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

**বিজ্ঞান ইউনিটে ভর্তি সংক্রান্ত তথ্যাবলি**

**ডিন অফিস, বিজ্ঞান অনুষদ**

**কার্জন হল এলাকা**

**ঢাকা বিশ্ববিদ্যালয়**

**ফোন: ০৯৬৬৬৯১১৪৬৩ এক্স: ৪৩৪৭, ৪৩৪৬, ৪৩৪৫**

**মোবাইল: ০১৮৭০০৩৩৯৪৫**

**অনলাইনে আবেদন সংক্রান্ত যেকোনো তথ্য প্রাপ্তির জন্য যোগাযোগ করুন**

**কেন্দ্রীয় ভর্তি অফিস (কক্ষ নম্বর ২১৪)**

**প্রশাসনিক ভবন (রেজিস্ট্রার বিল্ডিং), ঢাকা বিশ্ববিদ্যালয়**

**ফোন: ৫৫১৬৭৭২৪, ০১৬৩১৯৫৩৮৪৩ ০১৭৪৩০৪২৮৬৪**

**০১৮২২১৩৭৬০১, ০১৯৯৩৯৯২১৪৯**

**ফোন: ০৯৬৬৬৯১১৪৬৩ এক্স: ৯০১৫, ৯০১৬, ৪০৫২**

বিজ্ঞান অনুষদ এবং কোঅর্ডিনেটর
...ইউনিট, আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে
...২৪-২৫ শিক্ষাবর্ষ, ঢাবি
01 DEC 2024